

স্মারক নং- ০৩.৮০৫.০০২.০০.০০.০২০.২০১৭-২১৮৪

তারিখ: ০২ আগস্ট ২০১৭

বিষয়: ডিজিটালিটি চ্যালেঞ্জ ফান্ড এবং উইমেক্স ইনোভেশন ক্যাম্প ২০১৭ প্রতিযোগিতার প্রচারণা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম জনগণের দোরগোড়ায় সেবা নিশ্চিত করতে বিভিন্ন উদ্যোগ বাস্তবায়ন করে আসছে। এই উদ্যোগের সাথে জনগণের সরাসরি সম্পৃক্ততা নিশ্চিত করতে বিদ্যমান সমস্যা বা চ্যালেঞ্জ সমূহ সকলের জন্য উন্মুক্ত করে দেয়া হচ্ছে যাতে সারা দেশের যে কোনো প্রান্ত থেকে যে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান উত্তরাবনী সমাধানের ধারণা প্রদান করতে পারে।

২। এরই ধারাবাহিকতায় শিক্ষা মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধানে ডিজিটালিটি চ্যালেঞ্জ ফান্ড প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। ইউনিভার্সিটিতে সকল ধরনের শিক্ষার্থীর জন্য সমমানের শিক্ষা নিশ্চিত করতে ইনক্লুসিভ ইউনিভার্সিটি তৈরি এর মূল উদ্দেশ্য। সারা দেশ থেকে ইনক্লুসিভ ইউনিভার্সিটি বাস্তবায়নের জন্য নির্বাচিত ৩টি চ্যালেঞ্জের সমাধান আহ্বান করা হয়েছে এবং আগামী ১৫ সেপ্টেম্বরের মধ্যে অনলাইনে উত্তরাবনী সমাধান দাখিল করার সুযোগ প্রদান করা হয়েছে। নির্বাচিত সেরা উত্তরাবনী সমাধান পাইলটিং এর জন্য সর্বোচ্চ ২৫ লক্ষ টাকা প্রদান করা হবে। চ্যালেঞ্জ ৩টি প্রাথমিক পর্যায়ে পরীক্ষামূলকভাবে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে বাস্তবায়ন করা হবে এবং এর সফলতার উপর ভিত্তি করে ধারাবাহিকভাবে সারা দেশের সকল ইউনিভার্সিটিতে এই উত্তরাবনী বাস্তবায়ন করা হবে। গত ৩০ জুলাই ২০১৭ তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ ডিজিটালিটি চ্যালেঞ্জ ফান্ড প্রতিযোগিতার শুভ উদ্বোধন ঘোষণা করেন। এ সম্পর্কে বিস্তারিত জানতে বা উত্তরাবনী সমাধান দাখিল করতে এই সাইটে (challenge.gov.bd/inclusiveuniversity) ভিজিট করতে হবে।

৩। এছাড়া সামাজিক এবং আর্থিক কাঠামোতে নারীদের ক্ষমতায়নের পরিবেশ তৈরিতে এবং ‘নারীর দুর্ভোগ নিরসনে নারীর উত্তরান’ স্লোগানকে সামনে রেখে প্রতি বছর উইমেক্স ইনোভেশন ক্যাম্প নামক একটি প্রতিযোগিতার আয়োজন করা হয়। গত ২৪ জুলাই ২০১৭ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী বেগম মেহের আফরোজ চুমকি উইমেক্স ইনোভেশন ক্যাম্প ২০১৭ এর শুভ উদ্বোধন ঘোষণা করেন। এর মাধ্যমে সারা দেশ থেকে নারীদের নির্বাচিত ৪টি সমস্যার সমাধান আহ্বান করা হয়েছে এবং আগামী ১৫ সেপ্টেম্বরের মধ্যে অনলাইনে উত্তরাবনী সমাধান দাখিল করার সুযোগ প্রদান করা হয়েছে। নির্বাচিত সেরা এক বা একাধিক উত্তরাবনী সমাধানের ধারণাকে পুরস্কৃত করা হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে পুরস্কৃত ধারণার পাইলটিং করার জন্য প্রয়োজনীয় আর্থিক ও কারিগরী সহায়তা প্রদান করা হবে। এ সম্পর্কে বিস্তারিত জানতে বা উত্তরাবনী সমাধান দাখিল করতে এই সাইটে (challenge.gov.bd/wic) ভিজিট করতে হবে।

৩। উল্লিখিত সমস্যা ও চ্যালেঞ্জ সমূহের প্রযুক্তি ভিত্তিক উত্তরাবনী সমাধান প্রদানে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে জেলা-উপজেলা পর্যায়ের এমন সংশ্লিষ্টদের প্রতিযোগিতা সম্পর্কে অবহিত করা প্রয়োজন। প্রতিযোগিতার উপর ভিত্তি করে তৈরিকৃত লিফলেট এবং স্টিকার অত্র পত্রের সাথে সংযুক্ত করা হলো। এগুলো তাঁর ইউনিভার্সিটিতে সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি দপ্তর সমূহে বিতরণ, ওয়েবসাইট এবং বিভিন্ন সোশ্যাল মিডিয়ায় প্রকাশ করা ইত্যাদি কার্যক্রমের মাধ্যমে জেলার সংশ্লিষ্টদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করার জন্য সর্বিনিয়ে অনুরোধ জানানো যাচ্ছে।

সংযুক্তি: বর্ণনামতে



(কবির বিন আনোয়ার)
মহাপরিচালক (প্রশাসন) এবং
প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম

ই-মেইল: kabirbinanwar@pmo.gov.bd

জেলা প্রশাসক
জেলা প্রশাসক এর কার্যালয়
কুষ্টিয়া